

# পানিহাটি

## ঐতিহ্যে সমৃদ্ধ পানিহাটি



পানিহাটি মহোৎসবতলা

### ৫০০ বছরের ঐতিহ্যপূর্ণ গৌরবজ্জ্বল চিড়া দই উৎসব তথা দন্ড মহোৎসব

১৫১৬ খ্রীষ্টাব্দে বাংলায় বৈষ্ণবধর্ম প্রচারের জন্য শ্রীনিত্যানন্দ মহাপ্রভূ পানিহাটিতে অবস্থান করেন। সে সময়ে পানিহাটির বটবৃক্ষের তলায় তিনি সপ্তগ্রামের বিশিষ্ট জমিদারপুত্র রঘুনাথ দাস মজুমদারকে দন্ড দেন। শ্রী নিত্যানন্দের আদেশে সমস্ত ভক্তদের চিড়া দই খাওয়ানো হয়। ১৫১৬ এর জ্যৈষ্ঠ মাসে এই দন্ডমহোৎসব সংগঠিত হয়েছিল।

www.panihatichidautsav.in
www.dandamahatsav.in

# পানিহাটি

## এই ভূমি শ্রীচৈতন্যের পুণ্য পাদস্পর্শে ধন্য...

গান্ধীজী



১৫১০ খ্রীষ্টাব্দে ঈশ্বরপুরীর কাছে দীক্ষা নিয়ে চৈতন্যদেব পুরীতে যান। তিনি পরে পুরী থেকে বাংলার উদ্দেশ্যে নৌকাযোগে যাত্রা করেন। সে সময় তিনি পানিহাটিতে পদার্পন করেছিলেন। বছরটি ছিল ১৫১৪ খ্রীষ্টাব্দের কার্ত্তিক মাসের কৃষ্ণা দ্বাদশী। এখান থেকে তিনি শান্তিপুরে যান।

চৈতন্যমঙ্গল' (দয়ানন্দ) অনুসারে ভাগিরথীর পূর্বতীরে এত জনবহুল ও সমৃদ্ধ গ্রাম সে সময়ে ছিল না। গঙ্গার তীরে বিখ্যাত বট ও অশত্থ গাছের নীচে শ্রীচৈতন্যদেব ও শ্রীনিত্যানন্দ মহাপ্রভূ বিশ্রাম করেছিলেন। তাই ৫০০ বছর পূর্বের স্মৃতি বিজড়িত পানিহাটির মহোৎসবতলা দুই মহাপুরুষের স্মৃতিচিহ্ন বহন করছে। পরবর্তী সময়ে শ্রীরামকৃষ্ণ পরমহংসদেব এখানে পদার্পন করেছিলেন।



রাঘবভবন পানিহাটির রাঘব পন্ডিতের বাসগৃহ যেখানে শ্রীনিত্যানন্দের অভিষেকক্রিয়া সংগঠিত হয়েছিল। এখানেই রঘুনাথ মজুমদারদের রাধারমণ বিগ্রহ পূজিত হয়। এখানে রাঘবের পুষ্প সমাধিও রয়েছে।




## ঐতিহ্যে সমৃদ্ধ পানিহাটি

### গোবিন্দ হোম, রবীন্দ্রনাথ ঠাকুর, 'জীবনস্মৃতি'



রবীন্দ্রনাথের 'জীবনস্মৃতি' ও ছেলেবেলা' যাঁরা পড়েছেন তাদের কাছে পরিচিত পেনেটির বাগানবাড়ী আসলে ছাতুবাবু ও লাটুবাবুদের বাগানবাড়ী গঙ্গার তীরবর্তী অতি মনোরম প্রাকৃতিক সৌন্দর্য্যে উদ্ভাসিত যা এখন গোবিন্দ কুমার হোম নামে পরিচিত।



এখানে দুইতলা বাড়ী ও বিরাট বাগান রয়েছে। একসময় এই বাড়ী বেলুড় মঠের জন্য ভাড়া নেবার কথা হয়েছিল। রাজ্য হেরিটেজ কমিশন একে হেরিটেজ সাইট হিসাবে ঘোষনা করেন। কবি এই গৃহে তিনবার এসেছিলেন।

১৯২৭ এর ২রা জানুয়ারী গান্ধীজী সোদপুর খাদি প্রতিষ্ঠানের কলাশালার দ্বারোদঘাটন করেন।



গান্ধীজী বলতেন, সোদপুর আমার দ্বিতীয় বাসগৃহ। সুভাষ চন্দ্র বসু, পন্ডিত জহরলাল নেহেরু, বল্লভভাই প্যাটেল, সরোজিনী নাইডু, ডাঃ বিধান চন্দ্র রায়, আচার্য্য প্রফুল্লচন্দ্র রায়, ডঃ প্রফুল্লচন্দ্র ঘোষ, এই বাড়ীতে নানা সময়ে এসেছিলেন।



Gandhiji at Sodepur Station

## গঙ্গার ঘাট

গঙ্গার তীরে কাশী / বেনারসের পরে এত ঘাট আর পানিহাটি ছাড়া কোথাও নেই। হুগলী নদীর তীরে সুখচর, পানিহাটি আগড়পাড়ায় রয়েছে ৩৩টি গঙ্গার ঘাট, যেন এক গঙ্গার ঘাটের মালায় শোভিত পানিহাটি। ঘাটের পাশেই রয়েছে আশ্রম, মন্দির যার দ্বারা সহজেই কাশী – বেনারস এর সাথে তুলনা করা চলে।



সৎসঙ্গ ঠাকুরবাড়ি



কালীবাড়ি



গিরিবালা ঠাকুরবাড়ি



বারো মন্দির ঘাট

### মহামানবের পদধূলিতে ধন্য সোদপুর খাদি আশ্রম গান্ধীজীর দ্বিতীয় গৃহ



- জহর লাল নেহেরু
- বল্লভভাই প্যাটেল
- আচার্য্য প্রফুল্ল চন্দ্র রায়
- জয়প্রকাশ নারায়ন
- মৌলানা আবুল কালাম আজাদ
- সুভাষ চন্দ্র বসু
- সরজিনী নাইডু
- সতীশ চন্দ্র দাসগুপ্ত এবং অন্যান্য

আসুন সবাই মিলে পানিহাটির গর্বের ঐতিহ্যকে বিশ্বের সম্মুখে তুলে ধরি।


সৌজন্যে
**DRS Tech,**
73, Raja Road, Sukchar
Kolkata - 700115
Contacts - 68888700, Mobile - 9831248856
Website - drstech.co.in